

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
সুশাসন অধিশাখা  
[www.cabinet.gov.bd](http://www.cabinet.gov.bd)

স্মারক নম্বর- ০৪.০০.০০০০.৮১১.৫৫.০০৩.১৮.৭১

তারিখ: ০৩ জ্যৈষ্ঠ ১৪২৫  
১৭ মে ২০১৮

বিষয়: প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি কর্তৃক অনুমোদিত মাঠ পর্যায়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার)-এর ফরমেট অনুসরণ সংক্রান্ত।

সূত্র: (১) এ বিভাগের নম্বর: ০৪.০০.০০০০.৮১১.৫৫.০৪৩.১৫.২১৪; তারিখ: ২৪ আগস্ট ২০১৭  
(২) এ বিভাগের নম্বর: ০৪.০০.০০০০.৮১১.৫৫.০৪৩.১৫.৩০৯; তারিখ: ২৮ ডিসেম্বর ২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০৩ আগস্ট, ২০১৭ তারিখ প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি কর্তৃক মাঠ পর্যায়ে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার)-এর নিম্নরূপ ফরমেট অনুমোদন করা হয়:

১	২	৩	৪	৫	৬	৭	৮
ক্রমিক	সেবার নাম	সেবা প্রদানে সর্বোচ্চ সময়	প্রয়োজনীয় কাগজপত্র	প্রয়োজনীয় কাগজপত্র/ আবেদন ফরম প্রাপ্তিস্থান	সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি (যদি থাকে)	শাখার নামসহ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পদবি, বুম নম্বর, জেলা/ উপজেলার কোড, অফিসিয়াল টেলিফোন ও ইমেইল	উর্ধ্বতন কর্মকর্তার পদবি, বুম নম্বর, জেলা/উপজেলার কোডসহ অফিসিয়াল টেলিফোন ও ইমেইল

২। সে আলোকে বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তার মাধ্যমে মাঠ পর্যায়ের সকল দপ্তরে উক্ত ফরম্যাট অনুসারে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) প্রণয়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু মাঠ পর্যায়ের বিভিন্ন দপ্তরের ওয়েবসাইট পর্যালোচনায় দেখা যায় বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় ব্যতীত অন্যান্য দপ্তরে সঠিকভাবে তা বাস্তবায়ন হয়নি।

২। এমতাবস্থায়, তাঁর মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন মাঠ পর্যায়ের দপ্তরসমূহে উল্লিখিত ফরমেট অনুসরণপূর্বক সিটিজেন্স চার্টার প্রণয়ন এবং তা স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

(মোহাম্মদ জাহেদুর রহমান)  
উপসচিব

ফোন : ৯৫১৩৬০১

E-mail: [gg\\_sec@cabinet.gov.bd](mailto:gg_sec@cabinet.gov.bd)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সিনিয়র সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

